

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
তথ্য ভবন  
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।  
www.dfp.gov.bd


স্মারক নম্বর: ১৫.৫৭.০০০০.০০৭.১৫.০০৩.১৫ (অংশ-১)/ ৪৭৩৭ তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২  
০১ মার্চ ২০২৬

বিষয়: সংবাদপত্র ও সাময়িকীর নিরীক্ষা সম্পন্নের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাদি নিরীক্ষার সাথে অত্র অধিদপ্তরে জমা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে সরাদেশ থেকে প্রকাশিত সকল সংবাদপত্র ও সাময়িকীর নিরীক্ষা সম্পন্নের ক্ষেত্রে 'সংবাদপত্র ও সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তি এবং নিরীক্ষা নীতিমালা, ২০২২' এর ধারা ৪.০০ অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি নিরীক্ষার সাথে অত্র অধিদপ্তরে জমা প্রদানের বিধান রয়েছে।

- (৪.১) সংবাদপত্র/সাময়িকীর প্রাথমিক তথ্যাবলি : প্রথম প্রকাশের তারিখ, আকার ও পৃষ্ঠাসংখ্যা, অফিস ও প্রেসের পূর্ণ ঠিকানা, জনবল, অবকাঠামো, মূল ঘোষণাপত্রের সত্যায়িত কপি, সর্বশেষ ওয়েজবোর্ড রোয়েদাদ বাস্তবায়নের বিবরণ, কর্মরত সাংবাদিকদের নিয়োগ ও চাকুরী সংক্রান্ত বিবরণী, ব্যাংকের মাধ্যমে সাংবাদিক/কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা প্রদানের প্রমাণক। (তবে চতুর্থ শ্রেণির কর্মচারী ও শিক্ষানবিশদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না)।
- (৪.২) পত্রিকার প্রতি সংখ্যার এক কপি করে নমুনা কপি।
- (৪.৩) মুদ্রণ আদেশের বিবরণী।
- (৪.৪) মুদ্রিত প্রচার সংখ্যার বিবরণী।
- (৪.৫) বিক্রিত সংবাদপত্র/সাময়িকীর বিল আদায়ের বিবরণী।
- (৪.৬) জেলাভিত্তিক বিক্রয়কৃত পত্রিকার সংখ্যার হিসাব বিবরণী।
- (৪.৭) এজেন্ট, হকার ও গ্রাহকদের তালিকা।
- (৪.৮) আয়-ব্যয়ের হিসাব, ব্যাংক ও আয়কর বিবরণী।
- (৪.৯) নিউজপ্রিন্ট সংগ্রহ ও ব্যবহারের ক্যাশমেমো, চালান এবং বাতিলের হিসাব।
- (৪.১০) প্রেস বিল ও আদায়ের রশিদ ইত্যাদি।

এততাবস্থায়, 'সংবাদপত্র ও সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তি এবং নিরীক্ষা নীতিমালা, ২০২২' এর ধারা ৪.০০ অনুচ্ছেদ অনুযায়ী সংবাদপত্র ও সাময়িকীর নিরীক্ষা সম্পন্নের জন্য উপরোল্লিখিত তথ্যাদিসহ আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় নিরীক্ষা সম্পন্ন করা সম্ভব হবে না।

  
মোহাম্মদ রাশেদুজ্জামান  
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)  
ফোন: ০২-৪৮৩১৩০৩৬

প্রাপক  
প্রকাশক ও সম্পাদক  
সকল

.....  
.....  
.....।